পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ : ৯ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ/২৪ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

নং ২২.০০.০০০০.০৭৫.৩২.০০২.১৪(অংশ-৩)-৪১০—ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) এর ধারা ৫(৩ক) এ প্রদত্ত ক্ষমতাবলে মাটির ব্যবহার পর্যায়ক্রমে হ্রাস করিবার উদ্দেশ্যে সকল সরকারি নির্মাণ, মেরামত ও সংস্কার কাজে ভবনের দেয়াল ও সীমানা প্রাচীর, হেরিং বোন বন্ড রাস্তা এবং গ্রাম সড়ক টাইপ- 'বি' এর ক্ষেত্রে ইটের বিকল্প হিসাবে উক্ত আইনের ২(নন) উপধারায় সংজ্ঞায়িত ব্লক ব্যবহারে নিম্নরূপ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ও লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্লক ব্যবহার বাধ্যতামূলক করা হইলঃ

| অর্থবছর | ব্লক ব্যবহারের লক্ষ্যমাত্রা |
|---|---|
| ২০১৯-২০২০ | ১০% |
| ২০২০-২০২১ | ২০% |
| ২০২১-২০২২ | ৩০% |
| ২০২২-২০২৩ | ৬০% |
| ২০২৩-২০২৪ | ৮০% |
| ২০২৪-২০২৫ | ১০০% |

তবে সড়ক ও মহাসড়কের বেইজ ও সাব-বেইজ নির্মাণ, মেরামত ও সংস্কারে এ নির্দেশনা প্রযোজ্য হইবে না।

০২। উল্লিখিত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা বাস্তবায়নের কোনরূপ ব্যত্যয় বা ব্যর্থতার ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী
সচিব।